ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৫১
মোহনপুর, ৮ সেপ্টেম্বর,২০২৪

**স্বচ্ছতা হি সেবা**

**কৃষি মন্ত্রীর উপস্থিতিতে মোহনপুর মহকুমা ভিত্তিক প্রস্তুতি সভা**

মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে গতকাল সন্ধ্যায় স্বচ্ছতা হি সেবা কর্মসূচি নিয়ে মহকুমা ভিত্তিক এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, হেজামারা বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, লেফুঙ্গা বিএসি'র চেয়ারম্যান রণবীর দেববর্মা, মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মহকুমার বিভিন্ন ব্লকের বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত জানান, আগামী ১৪ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত মহকুমার প্রতিটি ব্লক ও মোহনপুর পুর পরিষদ এলাকার স্বচ্ছতা হি সেবা কর্মসূচি অনুষ্ঠিত হবে। এজন্য জনসচেনতা গড়ে তুলতে স্কুলভিত্তিক খেলাধুলা, সাফাই অভিযান, কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ফুড ফেস্টিভেলের আয়োজন করা হবে। সভায় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ মহকুমায় এই কর্মসূচি সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে তিনি বৃক্ষরোপনের উপরও গুরুত্ব আরোপ করেন।

******